ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মুল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার:—শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
৪নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Reg. No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴৹ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩০শ বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৫ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫০ ইংরাজী 19th May 1943 { ১ম সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | | |
|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ... | ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... | ... | ৪ " ২৩ " " " |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ " ৬৩ " " " |
| দাবী-শোধ (১৯০৭-৪১) | ... | ... | ২ " ৫০ " " " |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা |

হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স
সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।
এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৫ই জ্যৈষ্ঠ বুধবার, সন ১৩৫০ সাল

## জঙ্গিপুর সংবাদের ত্রিংশত্তম বর্ষ-প্রবেশ

উনত্রিংশত্তম বৎসর বয়স অতিক্রম করিয়া জঙ্গিপুর সংবাদ আজ ত্রিংশত্তম বৎসরে পদার্পণ করিল। বয়োবৃদ্ধির সঙ্গে কলেবরের পরিপুষ্টি অধিকাংশ ক্ষেত্রেই প্রাকৃতিক নিয়ম। আজ এই জগৎব্যাপী ভীষণ সমরের ফলে খবরের কাগজের প্রধান উপকরণ কাগজের দুষ্প্রাপ্যতার জন্য সমস্ত সংবাদপত্রই আয় এবং আয়তনে ক্ষুদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। আমরাও জঙ্গিপুর সংবাদের অস্তিত্ব বজায় রাখিতে প্রাণপণ চেষ্টা করিতেছি। গ্রাহক, অনুগ্রাহক ও বিজ্ঞাপনদাতাগণের সকরুণ সহানুভূতিই আমাদের সম্বল করিয়া নববর্ষে দুঃখ দৈন্য মহার্ঘতার সম্মুখীন হইয়া কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইলাম। অয়মারম্ভঃ শুভায় ভবতু।

---

## স্যার নীলরতন সরকার পরলোকে

সুপ্রসিদ্ধ চিকিৎসক ডাঃ স্যার নীলরতন সরকার, এম-এ, এম-ডি (কলিঃ), ডি-সি-এল (অক্সন), এল-এল-ডি (এডিন) গত ১৮ই মে মঙ্গলবার অপরাহ্নে সন্ন্যাস রোগে গিরিডিতে পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮২ বৎসর হইয়াছিল।

স্যার নীলরতন কলিকাতায় অর্দ্ধ শতাব্দীরও অধিক কাল দক্ষতার সহিত চিকিৎসা ব্যবসায়ে নিযুক্ত ছিলেন। একজন শ্রেষ্ঠ চিকিৎসক হিসাবে তাঁহার নাম শুধু যে বাঙ্গলা ও ভারতের বিভিন্ন স্থানে ছড়াইয়াছিল, তাহা নহে; পরন্তু তাঁহার সুনাম ছিল ভারতের বাহিরে বিদেশেও। চিকিৎসা বিদ্যা সম্পর্কিত কয়েকটি বিষয়ে তিনি বিশেষজ্ঞ বলিয়া গণ্য হইতেন।

---

## শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধু সুন্দরের জন্মোৎসব

এই জেলার অন্তর্গত ডাহাপাড়া ধামে গত ২৯শে বৈশাখ হইতে ৫ই জ্যৈষ্ঠ পর্য্যন্ত সপ্তাহকালব্যাপী প্রভু জগদ্বন্ধু সুন্দরের জন্মোৎসব নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হইয়া গিয়াছে এই মহোৎসবে অবধূত বন্দ্যোপাধ্যায় ও বৈষ্ণবচরণ চক্রবর্ত্তী মহোদয়ের কৃষ্ণলীলা কীর্ত্তন ভক্তগণকে বিশেষ আনন্দ দান করিয়াছে। উৎসবে প্রত্যহ প্রায় চারি সহস্র লোক সমবেত হইত এবং আট শত হইতে দুই সহস্র দরিদ্র প্রত্যহ অন্ন প্রসাদ সেবায় পরিতুষ্টি লাভ করিত। বর্ত্তমান দুর্ভিক্ষের বৎসরে ভিক্ষালব্ধ অর্থে মঠস্থ সন্ন্যাসীগণের এই মহৎ কার্য্য বিশেষ প্রশংসার্হ।

---

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৪ই জুন ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

৪২৩ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং তরিফন বেওয়া দিং দাবি ১৫॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদাসটুলি ২/৩ কাঠার কাত ৩।১০ খং ৬।২২ রায়ত স্থিতিবান

২৩৯ থাং ডিঃ সেবাইত গুরুচরণ সিংহ ক্ষিপ্তমনা পক্ষে সার্টিফিকেট প্রাপ্ত ম্যানেজার মনোহরচন্দ্র সিংহ দেং যতীন্দ্রনাথ দাস দিং দাবি ১৯৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নওদাটুলি ৫৭ শতকের কাত ২।৶০ আঃ ১০৲ কোফা দখলিস্বত্ব বিশিষ্ট দেশাচার অনুসারে

২৪০ থাং ডিঃ ঐ দেং সাকিম সেখ দিং দাবি ১২৸৩ থানা ঐ মৌজে হিড়কাটী ৯ শতকের কাত ১৵০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

২৯৬ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং উপেন্দ্রনাথ দাস দিং দাবি ২২।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাঙ্গাবাড়ী ১-১৩ শতকের কাত ১৸৵৩ আঃ ৭৲ রায়ত স্থিতিবান

২৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৸৵৯ মৌজাদি ঐ ১-১২ শতকের কাত ১৸/৩ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

২৯৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪/৬ থানা সুতী মৌজে আলমপুর ৩১ শতকের কাত ৸৵০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

২৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৭৵৯ মৌজাদি ঐ ৭১ শতকের কাত ৫৲ আঃ ১৫৲ রায়ত স্থিতিবান

২৫২ থাং ডিঃ ঐ দেং সতীশচন্দ্র ঘোষ দাবি ২২৸/৩ থানা সুতী মৌজে বাঙ্গাবাড়ী ২০ শতকের কাত ২৶০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

২৫৮ থাং ডিঃ ঐ দেং উমেশচন্দ্র ঘোষ দিং দ
থানা ঐ মৌজে আলমপুর ১-১৭ শতকের কাত
১৫৲ রায়ত স্থিতিবান

২৫৯ থাং ডিঃ ঐ দেং গোবিন্দলাল দাস
দাবি ২৩৶০ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ২।
১০৲ রায়ত স্থিতিবান

২৬০ থাং ডিঃ ঐ দেং মনোহর মণ্ডল দিং দা
থানা ঐ মৌজে বাঙ্গাবাড়ী ৭৯ শতকের কাত ৫
রায়ত স্থিতিবান

৩৭১ থাং ডিঃ ঐ দেং গোপালচন্দ্র দাস
৬৮।/৩ থানা সুতী মৌজে আলমপুর ও আহি
শতকের কাত ১৯॥৬ আঃ ৪০৲ রায়ত স্থিতিবান

৩৭২ থাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ দাস দিং দা
থানা সুতী মৌজে আলমপুর, চর সেকন্দরা ও
৩-৮৪ শতকের কাত ১৯৸৯ আঃ ৪০৲ রায়ত স্থি

৩৫২ থাং ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং
হালদার দাবি ১২॥৵৩ থানা সুতী মৌজে
৬ শতকের কাত ১।৵৬ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

৩৫৩ থাং ডিঃ ঐ দেং মেহের সেখ দিং দা
থানা সুতী মৌজে হিলোড়া ১-১৮ শতকের কাত
৭৲ রায়ত স্থিতিবান

৩৬৯ থাং ডিঃ কুমার রামকিঙ্কর সিংহ দিং
সিংহ দিং দাবি ১৫।৶০ থানা সুতী মৌজে শি
বিঘার কাত ১।০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

৪১৭ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং ন
দিং দাবি ১১৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ব
শতকের কাত ১/৬॥ আঃ ৫৲ খং ১৩৭

৪১৯ থাং ডিঃ কমলকুমারী নাথ দেং মহাম্ম
মিঞা দাবি ২২৪।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে
৮-৮৩ শতকের কাত ১৮৸০ আঃ ১০০৲ খং ৪০

---

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদ

### নীলামের দিন ১৫ই জুন ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

৩১৬ থাং ডিঃ ইন্দুভূষণ ঘোষ দিং দেং ইন্দ্রনা
দিং দাবি ৩৫৻৬ থানা সাগরদীঘি মৌজে পোপা
শতকের কাত ৫৶০ আঃ ১৫৲ খং ৩৯০ অধিনস্থ
৯১৯, ৯২০

৪০৪ থাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং
সিংহ নাবালক পক্ষে অলি জেঠি গৌরাঙ্গিনী

১৬৫৯ থানা সুতী মৌজে মহেশাইল ২/১৷০ কাঠার কাত ১৫৵১৭৷ আঃ ৫৲ থং ১৮৫১

৭ অন্ত ডিঃ দোলগোবিন্দ দাস দিং দেং সৌদামিনী দাসী দাবি ১৭৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড়শিমুল ও খোদরামপুর ১-২৮ শতকের কাত ৪৷৩ পাই আঃ ৫৲ থং ৫৯১, ২৩০ তদুপরিস্থিত আম্র কাঁঠাল লিচু বাঁশ আকাঠা সুকাঠা বৃক্ষাদিসহ নওয়া জিমা রায়ত স্থিতিবান ২নং লাট থানা ঐ মৌজে বড়শিমুল ১৬ শতকের কাত ১৶২ আঃ ৫৲ থং ৮৭ রায়ত স্থিতিবান

৩২ মনি ডিঃ রামসিংহাসন ভকত দিং দেং মগ্নশশী দাস্যা দাবি ২১৷/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রমাকান্তপুর ৬৬২ শতকের কাত পরতামত ২৷৵০ আঃ ২০৲ থং ১৪৬ রায়ত স্থিতিবান

৮ অন্ত ডিঃ বিনোদিনী চৌধুরাণী দেং মহেন্দ্রনাথ দাস দিং দাবি ৩১২৫/৩ থানা সুতী মৌজে মাণিকপুর ১-৪৮ শতকের কাত ২৫১০ আঃ ৫০৲ থং ১০০ মোকররী স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৩-৩৭ শতকের কাত ২৪৷৶৬ নিজাংশে ২-৩৭ শতকের কাত ৫৷/০ আঃ ১৫০৲ ৩নং লাট থানা ঐ মৌজে মহেশাইল ৭৭ শতকের কাত ১৷/৩ আঃ ২৫৲ ৪নং লাট মৌজাদি ঐ নিজাংশে ২৭ শতকের কাত ৫/১ আঃ ১৫৲

৪০৫ থাং ডিঃ মহেন্দ্রনাথ রায় দিং দেং বৈদ্যনাথ মণ্ডল দিং দাবি ২০/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে খাসপুর ১-৫০ শতকের কাত ২৲ আঃ ১৮৲ থং ৯০ রায়ত স্থিতিবান

৪০৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৵৬ মৌজাদি ঐ ৪২ শতকের কাত ১/৪ আঃ ১০৲ থং ৮৮ রায়ত স্থিতিবান

৪০৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৫৶৩ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ১৵৮ আঃ ১২৲ থং ৮৯ রায়ত স্থিতিবান

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত

## নীলামের দিন ২১শে জুন ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

২৫০ থাং ডিঃ দোলগোবিন্দ দাস দেং বৈদ্যনাথ মাঝি দিং দাবি ২৯৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ৩-৬২ শতকের কাত ৮৫/০ আঃ ১৫৲ থং ২৫৪ রায়ত স্থিতিবান তদুপরিস্থিত ঘর মায় চাল ছাপ্পর কপাট চৌকাঠ জানালা আম্র কাঁঠাল আকাঠা সুকাঠা বৃক্ষাদি সহ নওয়া জিমা

২৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৷/০ মৌজাদি ঐ ১০ শতকের কাত ৷৶০ আঃ ২৲ থং ২৫৮ রায়ত স্থিতিবান

২৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৩৯ মৌজাদি ঐ ৩৬ শতকের কাত ২৲ আঃ ৫৲ থং ২৫৯ রায়ত স্থিতিবান

২৫৮ থাং ডিঃ বিনয়কুমার চৌধুরী দিং দেং শ্যামাপদ সাহা দাবি ১২৶৯ থানা সাগরদীঘি মৌজে কৈয়র ৪-৬৭ শতকের কাত ২৩৫৵১০ আঃ ১৫৲ থং ২৯৫

৩৫৩ থাং ডিঃ বিভূতিভূষণ গুপ্ত দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ১৪১৷৵৩ থানা সাগরদীঘি মৌজে যোগপুর ৪-২৬ শতকের কাত ২৮৲ আঃ ২০৲ থং ৪৪৩ অধিনস্থ থং ১১৯, ১২০, ১২১

৩৪৪ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং নাসের মোল্লা দিং দাবি ২১৫৩ থানা সাগরদীঘি মৌজে হলদী ৭২ শতকের কাত ২৷০ আঃ ১৫৲ থং ২০৯ রায়ত স্থিতিবান

৩৩১ থাং ডিঃ ম্যানেজার নাটোর রাজ ওয়ার্ড ষ্টেট দেং পশুপতি সাহা দাবি ১৯/৯ থানা সাগরদীঘি মৌজে বোখারা ৩-০৩ শতকের কাত ১৯৵০ আঃ ১০৲ থং ৫৮৭

৩৩২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৷/৯ মৌজাদি ঐ ৩-০৩ শতকের কাত ১৯৵০ আঃ ১০৲ থং ৫৮৭

৩৪৬ থাং ডিঃ ঐ দেং অনুরাজ দত্ত দিং দাবি ৪৭৫৵৬ মৌজাদি ঐ ২-৮৩ শতকের কাত ২২৷০ আঃ ২৫৲ থং ৫৪৫

৩৪৭ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ চট্টোপাধ্যায় দিং দাবি ২১৫৯ মৌজাদি ঐ ৮১ শতকের কাত ৪৫৶৬ আঃ ১৫৲ থং ৫৫৫ রায়ত স্থিতিবান

২৩৩ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং জহর সেখ দিং দাবি ৩৩৷৯ থানা সাগরদীঘি মৌজে খৈরাটী ৯৯ শতকের কাত ৪৷৶১০ আঃ ১০৲ থং ১৪৬

২৪৭ থাং ডিঃ ঐ দেং শচীনন্দন দে দাবি ১০৫৵৯ থানা ঐ মৌজে চক মথুরাপুর ৬০ শতকের কাত ২৷৬ পাই আঃ ৫৲ থং ৩৫

২৪৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৷/৩ মৌজাদি ঐ ১-৭৩ শতকের কাত ৫৶১৫ আঃ ১০৲ থং ৩৬

২৫৩ থাং ডিঃ সেঃ মনোরমা দেবী দেং যদুনাথ দাস বিশ্বাস দাবি ১১৶৯ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ১-২০ শতকের কাত ২৶৫ আঃ ১০৲ থং ৫৪৩ রায়ত স্থিতিবান

২৫৪ থাং ডিঃ ইন্দুভূষণ ঘোষ দিং দেং ইন্দ্রনারায়ণ সিংহ দাবি ১৩৷৬ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ১-০৬ শতকের কাত ৩৷৶৯ আঃ ১৫৲ থং ৩৪৬

২৭৯ থাং ডিঃ ঐ দেং ইন্দ্রনারায়ণ সিংহ দিং দাবি ২৮৷/৯ মৌজাদি ঐ ১-০৯ শতকের কাত ২৫৩ আঃ ১০৲ থং ৩৯১ অধিনস্থ থং ৯২১ মোকররী স্বত্ব

২৮০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৷৵৬ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ৵০ আঃ ২৫৲ থং ৩৮৪

২৪১ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং নেবাস বিবি দাবি ২৫৶০ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ৯২ শতকের কাত ৫৵৮ আঃ ১০৲ থং ১৪৭ রায়ত স্থিতিবান

২৪২ থাং ডিঃ ঐ দেং সরিফন বিবি দিং দাবি ৭৷৬ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ১৫১১ আঃ ৫৲ থং ১৭০ রায়ত স্থিতিবান

২৪৩ থাং ডিঃ ঐ দেং সত্যেন্দ্রনাথ দাস দিং দাবি ৩৪৷৬ মৌজাদি ঐ ৫২ শতকের কাত ৪৷৶০ আঃ ৫৲ থং ১৯৮ ঐ স্বত্ব

২১৬ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং জগৎপতি দাস দিং দাবি ২০৫৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে বাসুদেবপুর ১-৫৪ শতকের কাত ১৵১৫ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

১০ মনি ডিঃ শ্রীপতিনাথ দাস দেং রজনীমণি দাসী দিং দাবি ১৭৫/৬ থানা সমসেরগঞ্জ মৌজে বাসুদেবপুর ৫১ শতকের কাত ৷০ আঃ ৫৲ থং ১৫০

১১ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি থানা ঐ মৌজে ধুসরিপাড়া ৮৩২ শতকের কাত ১৷০ আঃ ২৫৲ থং ৮৬৩

১২ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৷৵৩ থানা ঐ মৌজে জালাদিপুর ৫১ শতকের কাত ৫৵০ আঃ ৫৲ থং ৮৮ (ক)

৩৪৮ থাং ডিঃ আশুতোষ প্রামাণিক দিং দেং বিভূতিভূষণ মাল দিং দাবি ১৫/০ থানা সাগরদীঘি মৌজে শ্রীধরপুর ৪৬ শতকের কাত ১৷৵১৫ আঃ ১০৲ থং ১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## ভিক্ষুক-সমস্যা ও দাতব্য প্রতিষ্ঠান

### মিঃ ইস্পাহানীর বেতার-বক্তৃতা

৪ঠা মে সন্ধ্যাকালে কলিকাতা বেতার-কেন্দ্র হইতে মিঃ এম, এ, এইচ, ইস্পাহানী, এম-এল-এ, "ভিক্ষুক সমস্যা ও সুসংবদ্ধ দাতব্য প্রতিষ্ঠান" সম্পর্কে এক বক্তৃতা প্রদান করেন। যাঁহারা দাতব্য ও জনকল্যাণকর প্রতিষ্ঠানগুলি পরিচালন করিতেছেন, তাঁহাদের উদ্দেশ্যে মিঃ ইস্পাহানী বলেন যে, অঙ্গহীন ভিক্ষুকগণকে লঘু পরিশ্রমের কাজে নিযুক্ত করিয়া তাহাদের দ্বারা ছোট-খাটো কারখানা পরিচালনার সম্ভাবনা আছে কি না, তাহা বিবেচনা করিয়া দেখা উচিত। যে সব ভিক্ষুক আয়াসবিহীন ভিক্ষাবৃত্তি অবলম্বন করে, তাহাদের মধ্য হইতে বিভিন্ন প্রকারের যোগ্যতাসম্পন্ন লোকও খুঁজিয়া বাহির করা যাইতে পারে। মিঃ ইস্পাহানীর পরিকল্পনা অনুযায়ী যাহার হাত নাই এমন একজন ভিক্ষুকও ভিক্ষা না করিয়া ট্রেডল মেসিন চালাইয়া সম্মানজনক জীবিকার্জন করিতে পারে। অন্ধকে চাকা ঘুরাইবার কাজে নিযুক্ত করা যাইতে পারে। এমন প্রয়োজনীয় কাজ আছে যদ্দ্বারা অঙ্গহীনেরাও সমাজের ও নিজেদের উপকার করিতে পারে। এই ধরণের দানশীলতায় ভিক্ষুকদের আত্মসম্মানবোধ ফিরিয়া আসিবে। আর এই আত্মসম্মানজ্ঞান মানুষের অতি প্রিয় জিনিষ।

বক্তৃতা প্রসঙ্গে মিঃ ইস্পাহানী ভিক্ষুকদের অনাচারের উল্লেখ করিয়া বলেন যে, তাহারা জনসাধারণের দয়া আকর্ষণের নিমিত্ত শিশু ও বাকহীন পশুদের অঙ্গহানি করিয়া থাকে। তিনি আরও বলেন যে, সবলের জন্য কাজ, দুর্ব্বলের জন্য সহানুভূতি, অশক্তের জন্য অনুকম্পা ও পেশাদারদের জন্য কঠোরতাই দাতব্য প্রতিষ্ঠানসমূহের মূল ভিত্তি হওয়া দরকার।

যে সব ভিক্ষুক রাস্তায় রাস্তায় হামাগুড়ি দিয়া বেড়ায় তাহারা নিজেদের নাগরিক মর্য্যাদাজ্ঞান ও মানবতা বোধের অপমান করে। যদি প্রত্যেক ভিক্ষুকের ক্ষমতানুযায়ী কার্য্যের দিকে দৃষ্টি রাখিয়া দাতব্য প্রতিষ্ঠানগুলি গঠিত হইত, তাহা হইলে যে সব দুর্নীতি বিভিন্ন আকারে দেখা দিতেছে, সেগুলি কমিয়া যাইত। ভিক্ষুককে শিখাইতে হইবে যে, সে যদিও ভিক্ষা করে, তবু সে মানুষ এবং তাহার ক্ষমতানুযায়ী কাজ করা উচিত।


---


দি ওয়ার্ম ইণ্ডিকা

( আমেরিকায় পরীক্ষিত )

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ )








মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত।

**মোহিনী বিড়ি**

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস :—
৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

মোহিনী বিড়ির শাখাসমুহ :—১৬০নং নবাবপুর রোড, ঢাকা ; সরায়গঞ্জ, মজঃফরপুর, বি-এন-ডবলিউ-আর। ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি) বি-এন-আর। আমাদের নিকট বিড়ি প্রস্তুতের তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়। দরের জন্য পত্র লিখুন।